## ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-অধি/খু-২১/২০১৬/১৪৭৭৭ তারিখ: ৩১ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ / ১৫ জুলাই, ২০২৫ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

যশোর আমিনিয়া কামিল মাদরাসা, ডাকঘর: যশোর, উপজেলা: সদর, জেলা: যশোর (মাদরাসা কোড: ১৫৭৬৬, EIIN: 116052) এর কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদি তাফসীর বিভাগ অধিভুক্তির বিষয়ে অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩, প্রথম সংবিধির ধারা ৪.(৪) এর 'ক' অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন, ২৩.০৬.২০২৫ খ্রি. তারিখ অনুষ্ঠিত অধিভুক্তি কমিটির ১৩শ সভার সিদ্ধান্ত ও সুপারিশ, ২৬.০৬.২০২৫ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ২০তম সভার সিদ্ধান্ত এবং ২৯.০৬.২০২৫ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৩৬তম সভার অনুমোদনক্রমে উক্ত মাদরাসাকে কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদি তাফসীর বিভাগে ০১.০৭.২০২৩ থেকে ২২.০৬.২০২৫ তারিখ পর্যন্ত ভূতাপেক্ষভাবে প্রাথমিক পাঠদানের মেয়াদ বৃদ্ধি এবং কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদি তাফসীর বিভাগে নিম্নবর্ণিত শর্তে ২৩.০৬.২০২৫ থেকে ২২.০৬.২০২৯ তারিখ পর্যন্ত আগামী ০৪ (চার) বছরের জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত করা হলো-

**শর্তসমূহ:**

১. সকল শ্রেণিতে শিক্ষার্থী ও শ্রেণী কক্ষের সংখ্যা বৃদ্ধি করতে হবে;
২. লাইব্রেরীতে রেফারেন্স গ্রন্থ বৃদ্ধিসহ শিক্ষার্থীদের পড়াশোনার পরিবেশ সৃষ্টি করতে হবে;
৩. মাদরাসার আয় ও ব্যয়ের হিসাব যথাযথভাবে কলামনার ক্যাশ বইয়ে লিপিবদ্ধ করতে হবে;
৪. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের আইন, বিধি ও সংবিধি মেনে চলতে হবে;
৫. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তি নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

১৫/৭/২৫
(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও
মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর
E-mail: iauregistr@gmail.com

অধ্যক্ষ
যশোর আমিনিয়া কামিল মাদরাসা
ডাকঘর: যশোর, উপজেলা: সদর, জেলা: যশোর।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-অধি/খু-২১/২০১৬/১৪৭৭৭(৬) তারিখ: ৩১ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ / ১৫ জুলাই, ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৪. প্রোগ্রামার, আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. সভাপতি, যশোর আমিনিয়া কামিল মাদরাসা, ডাকঘর: যশোর, উপজেলা: সদর, জেলা: যশোর।
৬. অফিস নথি।

১৫/০৭/২৫
(মোঃ জাহান উদ্দিন)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা